দৈনিক সংবাদ

তারিখ 03 OCT 1993
পৃষ্ঠা ৫ কলাম

# রাজশাহী বিভাগে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বিঘ্নিত ।। শিক্ষক ও কর্মকর্তার অভাব

।। আমিনুল হক ।।

নীলফামারী, ২রা অক্টোবর।– জনবলের অভাবে সুষ্ঠু তদারকি ব্যবস্থা না থাকায় রাজশাহী বিভাগে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা দারুণভাবে বিঘ্নিত হচ্ছে। অথচ সরকারীভাবে এসব তদারকি কর্মকর্তা ও কর্মচারীর পদ মঞ্জুরি রয়েছে অনেক আগের থেকে।

সরকার গত বছর প্রথম পর্যায়ে দেশের ৬৮টি থানায় প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করে। এ বছর সবকটি থানায় বাধ্যতামূলক এই কার্যক্রমের আওতায় আনা হয়েছে। কিন্তু বাধ্যতামূলক করার আগে বিশেষ করে তদারকি কর্মকর্তা ও শিক্ষাদানের জন্য যে জনবল প্রয়োজন ছিল তা পূরণ করা হয়নি। ফলে বাধ্যতামূলক এই প্রাথমিক শিক্ষা সঠিকভাবে বাস্তবায়নে বিভিন্নভাবে বিঘ্ন সৃষ্টি হয়েছে। অবশ্য এ কার্যক্রম বাস্তবায়নে গ্রাম, ওয়ার্ড, ইউনিয়ন, থানা ও জেলা পর্যায়ে সহ–যোগিতা কমিটি গঠন করা হয়েছে ঠিকই। কিন্তু এসব সমন্বয় বা তদারকি ও শিশুদের শিক্ষাদানের জন্য যাদের সবচেয়ে বেশি প্রয়োজন সেসব পদে লোকজন নেই।

রাজশাহী বিভাগের প্রাথমিক শিক্ষা দপ্তরের একটি সূত্রে প্রাপ্ত তথ্য মতে এই বিভাগের ১৬টি জেলায় ১৬ জন জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের স্থলে গত বছর পর্যন্ত ছিলেন ২ জন এবং এ বছর ১ জন অবসর নেয়ায় বর্তমানে আছেন মাত্র ১ জন। প্রাথমিক শিক্ষা অফিসার ৮ জনের স্থলে বর্তমানে এই বিভাগে একজনও নেই। অন্য পদগুলোর মধ্যে সহকারী জেলা শিক্ষা অফিসারের ১৬টি পদের মধ্যে কর্মরত আছেন ১৪ জন, পিটিআই সুপারের ১৬টি পদের মধ্যে কর্মরত আছেন ৫ জন, ইনস্ট্রাক্টরের ১শ' ৯২টি পদের মধ্যে কর্মরত আছেন ১শ' ৬৬ জন, থানা শিক্ষা অফিসারের ১শ' ২৪টি পদের মধ্যে কর্মরত আছেন ৯৩ জন, সহকারী থানা শিক্ষা অফিসারের ৫শ' ২৫টি পদের মধ্যে কর্মরত আছেন ৪শ' ৩৫ জন, উচ্চমান সহকারীর ১৬টি পদের মধ্যে কর্মরত আছেন ৯ জন।

পাঠদানের জন্য যাদের সর্বপ্রথম প্রয়োজন, সেসব শিক্ষকের পদও রয়েছে দীর্ঘদিন থেকে শূন্য। সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের ৯ হাজার ২৬৩টি পদের মধ্যে কর্মরত আছেন মাত্র ৮ হাজার ৫০২ জন এবং সহকারী শিক্ষকের ৩০ হাজার ৮৯৩টি পদে কর্মরত আছেন বর্তমানে ২৯ হাজার ৩৪২ জন।

রাজশাহী বিভাগে সরকারী ও বেসর–কারী (রেজিস্টার্ড) বিদ্যালয়ে বর্তমানে ছাত্র–ছাত্রীর সংখ্যা ৩৩ লাখ ৩৭ হাজার ৩৭৪ জন। নিয়মানুযায়ী ৫০ জন ছাত্র–ছাত্রীর জন্য একজন করে শিক্ষক হিসেবে মোট শিক্ষকের প্রয়োজন ৬৬ হাজার ৭৪৭ জন। ফলে বর্তমান মঞ্জুরি অনুযায়ী শূন্য পদে শিক্ষক নিয়োগ করা (প্রধান শিক্ষকসহ) হলেও আরো ২৬ হাজার ৫৯১ জন শিক্ষক প্রয়োজন।

এসব বিভিন্ন কারণে রাজশাহী বিভাগে প্রাথমিক শিক্ষা বাধাগ্রস্ত হচ্ছে। এসব দূর করা না হলে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা এবং দু' হাজার সালের মধ্যে সবার জন্য শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন সম্ভব হবে না বলে আশংকা করা হচ্ছে।